

# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২৮৮১

১৮/ জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ১৮/৪৬. যুদ্ধলব্ধ সম্পদ (গনীমত) বন্টন

بَاب قِسْمَةِ الْخُمُسِ

#### আরবী

حَدَّتَنَا يُونُسُ بْنُ عَبْدِ الْأَعْلَى، حَدَّتَنَا أَيُّوبُ بْنُ سُويْد، عَنْ يُونُسَ بْنِ يَزِيدَ، عَنِ ابْنِ شَهَابٍ، عَنْ سَعِيدِ بْنِ الْمُسَيَّبِ، أَنَّ جُبَيْرَ بْنَ مُطْعِمٍ، أَخْبَرَهُ أَنَّهُ، جَاءَ هُوَ وَعُثْمَانُ بْنُ عَفَّانَ إِلَى رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم يُكَلِّمَانِهِ فِيمَا قَسَمَ مِنْ خُمُسِ خَيْبَرَ لِبَنِي عَفَّانَ إِلَى رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم يُكلِّمَانِهِ فِيمَا قَسَمَ مِنْ خُمُسِ خَيْبَرَ لِبَنِي هَاشِمٍ وَبَنِي الْمُطَّلِبِ وَقَرَابَتُنَا وَاحِدَةٌ هَاشِمٍ وَبَنِي الْمُطَّلِبِ وَقَرَابَتُنَا وَاحِدَةٌ فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم "إنَّمَا أَرَى بَنِي هَاشِمٍ وَبَنِي الْمُطَّلِبِ شَيْئًا وَاحِدَةً وَاحِدًا ".

#### বাংলা

১/২৮৮১। সাঈদ ইবনুল মুসাইয়াব (রাঃ) থেকে বর্ণিত। জুবাইর ইবনে মুতইম (রাঃ) তাকে অবহিত করেন যে, তিনি ও উসমান ইবনে আক্ফান (রাঃ) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট উপস্থিত হলেন খায়বারে প্রাপ্ত যুদ্ধলব্ধ সম্পদ বন্টনের বিষয়ে তাঁর সাথে আলাপ করার জন্য। তারা বললেন, আপনি আমাদের ভ্রাতৃগোষ্ঠী বনূ হাশিম ও বনূ মুত্তালিবের মধ্যে বন্টন করেছেন, অথচ আমাদের আত্মীয় সম্পর্ক তো একই। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ আমি বনূ হাশিম ও বনূ মুত্তালিবকে একই মনে করি।

# **English**

It was narrated from Sa'eed bin Musayyab that Jubair bin Mut'im told him that he and 'Uthman bin 'Affan came to the Messenger of Allah (ﷺ) to speak to him about the way in which the one fifth from Khaibar had been distributed to Banu Hashim and Banu Muttalib. They said:

"You have distributed it to our brothers Banu Hashim and Banu Muttalib, but we are related to you (to Banu Hashim) in the same way (as Banu Muttalib)." The Messenger of Allah (ﷺ) said: "Rather I think that Banu Hashim and Banu



### Muttalib are the same."

## ফুটনোট

সহীহুল বুখারী ৩১৪০, ৩৫০৩, ৪২২৯, নাসায়ী ৪১৩৬, ৪১৩৭, আবূ দাউদ ২৯৭৮, ২৯৭৯, ২৯৮০, আহমাদ ১৬২৯৯, ১৬৩২৭, ১৬৩৪১, ইরওয়া ১২৪২।

তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী ১. আয়ু্যব বিন সুওয়ায়দ সম্পর্কে আবু বাকর আল-ইসমাঈলী বলেন, তার ব্যাপারে সমালোচনা রয়েছে। আবু হাতিম আর-রায়ী বলেন, তিনি যাচাই-বাচাই ছাড়া হাদিস গ্রহন করেন ও তা বর্ণনা করেন। আবু দাউদ আস-সাজিসতানী বলেন, তিনি দুর্বল। আহমাদ বিন শু'আয়ব আন-নাসায়ী বলেন, তিনি সিকাহ নয়। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় ভুল করেন। যাকারিয়্যা বিন ইয়াহইয়া আস-সাজী বলেন, তিনি দুর্বল। ইমাম বুখারী বলেন, তার ব্যাপারে সমালোচনা রয়েছে। (তাহযীবুল কামালঃ রাবী নং ৬১৬, ৩/৪৭৪ নং পৃষ্ঠা)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ সাঈদ ইবনু মুসাইয়্যাব (রহ.)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন